

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪৪০

মোহনপুর, ০২ জানুয়ারি, ২০২৪

দেবেন্দ্রনগর গ্রামপঞ্চায়েত ভিত্তিক শিবির

২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তুলতে

প্রধানমন্ত্রী উদ্যোগ নিয়েছেন : কেন্দ্রীয় সামাজিক ন্যায় প্রতিমন্ত্রী

বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে আজ বামুটিয়া ব্লকের দমদমিয়া এসবি স্কুল মাঠে দেবেন্দ্রনগর গ্রামপঞ্চায়েত ভিত্তিক এক শিবির অনুষ্ঠিত হয়। শিবিরের উদ্বোধন করেন কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও ক্ষমতায়ণ প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। শিবিরের উদ্বোধন করে তিনি বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মদি গত ৯ বছরে দেশের প্রতিটি পরিবারকে আত্মনির্ভর করে তুলতে ও জনকল্যাণে বিভিন্ন প্রকল্প রূপায়ণ করছেন। দেশের প্রান্তিক জনপদের জনগণের কাছে উন্নয়ন প্রকল্পের সুবিধা পৌঁছে দিতে বিকশিত ভারত সংকল্প যাত্রার সূচনা হয়েছে। ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তুলতে প্রধানমন্ত্রী এই উদ্যোগ নিয়েছেন।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শীলা দাস সেন, ভাইস চেয়ারম্যান পূজা মালাকার, প্রাক্তন বিধায়ক কৃষ্ণধন দাস, মোহনপুর মহকুমার মহকুমা শাসক সুভাষ দত্ত প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন পশ্চিম ত্রিপুরা জেলার অতিরিক্ত জেলাশাসক সুভাষ চন্দ্র সাহা। অনুষ্ঠানে বিকশিত ভারত সংকল্প যাত্রায় কেন্দ্রীয় ফ্ল্যাগশিপ প্রকল্পগুলির তথ্য সম্বলিত ভ্রাম্যমান প্রচার গাড়ির যাত্রার সূচনা করেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী প্রতিমা ভৌমিক। শিবিরে বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী স্টল খোলা হয়।

\*\*\*\*\*